## উল্লাপাড়া উপজেলা পরিষদের জুন-২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া ।

সভার তারিখ ঃ ২১-০৬-২০২৩ খ্রিঃ । সময় ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ " তে সংযুক্ত।

মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

### বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| দ্রুততম সময়ের মধ্যে এডিপি/রাজস্ব উদ্বৃত্তের পি আই সি ও টেন্ডারের কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট প্রকল্প সভাপতি ও ঠিকাদারদের নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | এডিপি/রাজস্ব উদ্বৃত্তের পি আই সি ও টেন্ডারের কাজ সম্পন্ন হয়েছে। |
| ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব তহবিলের পানির লাইন মেরামত খাতের আওতায় একটি সাব মারসিবল পাম্প স্থাপন এবং উপজেলা পাম্প হাউজের জন্য নতুন জেড পাম্প ক্রয় ও পুরাতন জেড পাম্পটি মেরামতের জন্য প্রকল্প গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | সাবমারসিবল পাম্প স্থাপন করা হয়েছে ও উপজেলা পাম্প হাউজের জন্য নতুন জেড পাম্প ক্রয় করা হয়েছে। |
| উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ বিক্রয় জন্য স্থানীয় সরকার বিভাগের পরিপত্র মোতাবেক গঠিত কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ পূর্বক সভার কার্যবিবরণীসহ জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের কার্যালয়ে প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | স্থানীয় সরকার বিভাগের পরিপত্র মোতাবেক গঠিত কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ পূর্বক সভার কার্যবিবরণীসহ জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। |
| অত্র উপজেলার জন্য গভীর নলকূপের বরাদ্দ বৃদ্ধির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের কার্যালয়ে পত্র যোগাযোগ নিশ্চিত করতে হবে। | উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | গভীর নলকূপের বরাদ্দ বৃদ্ধির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের কার্যালয়ে পত্র যোগাযোগের কোন তথ্য পাওয়া যায়নি। |
| সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় আশ্রয়ণ/গুচ্ছগ্রামে বসবাসকারীদের মধ্যে কতজনকে ভাতার আওতায় আনা হয়েছে তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে। সকল ভাতাভোগীর তালিকা উপজেলা ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করতে সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া এর সহযোগিতা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া | সকল ভাতাভোগীর তালিকা উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করা হয়নি। |
| যথাসময়ের মধ্যে উফশী রোপা আমনের প্রণোদনা বিতরণ নিশ্চিত করতে হবে। সার সরবরাহ নিশ্চিত করতে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া | যথাসময়ের মধ্যে উফশী রোপা আমনের প্রণোদনা বিতরণ করা হয়েছে। সার সরবরাহ নিশ্চিত করতে মনিটরিং জোরদার করা হচ্ছে। |
| আসন্ন কোরবানির ঈদ উপলক্ষ্যে পশুর হাটগুলোতে পশুর স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করতে উপজেলা প্রাণি সম্পদ বিভাগের মাঠ পর্যায়ে কর্মরতদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। উপজেলার কসাইখানাগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া | কোরবানির ঈদ উপলক্ষ্যে পশুর হাটগুলোতে পশুর স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করা হয়েছে। উপজেলার কসাইখানাগুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। |
| বিল নার্সারি ও মৎস্য অভয়াশ্রম নিয়মিত মনিটরিং নিশ্চিত করতে হবে। মাছে ফরমালিন ব্যবহার প্রতিরোধে উপজেলার মাছের আড়ৎগুলোতে এবং মাছের বাজারগুলোতে মনিটরিং জোরদার করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া | বিল নার্সারি ও মৎস্য অভয়াশ্রম নিয়মিত মনিটরিং নিশ্চিত করা হচ্ছে। |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণকারীদের মধ্যে এ যাবত কতজন আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সক্ষম হয়েছে তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া | প্রশিক্ষণ গ্রহণকারীদের মধ্যে এ যাবত কতজন আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সক্ষম হয়েছে তার বিস্তারিত তথ্য পাওয়া যায়নি। |
| আশ্রয়ণ প্রকল্পে প্যালাসাইটিং কাজের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে পত্র যোগাযোগ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া | আশ্রয়ণ প্রকল্পে প্যালাসাইটিং কাজের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে পত্র যোগাযোগের কোন তথ্য পাওয়া যায়নি। |

| | | |
|---|---|---|
| বড়হর ইউনিয়নের ভূতগাছা হতে বড়হর পর্যন্ত রাস্তাটি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক ও জনপথ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রশাসন, উল্লাপাড়া | বড়হর ইউনিয়নের ভূতগাছা হতে বড়হর পর্যন্ত রাস্তাটি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক ও জনপথ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। |
| সাবেক পৌর ভবনের দোতলা অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদান করা হয়। এছাড়া উক্ত ভবনের নীচতলার কক্ষটি জরুরী ভিত্তিতে মেরামত করে উক্ত কক্ষে উপজেলা যুব উন্নয়ন অফিস স্থানান্তরের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী | সাবেক পৌর ভবনের দোতলা অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং উক্ত ভবনের নীচতলার কক্ষটি জরুরী ভিত্তিতে মেরামত করার লক্ষ্যে একটি পিআইসি গঠনের জন্য উপজেলা প্রকৌশলীকে পত্র প্রেরণ করা হয়েছে। |
| সরেজমিন পরিদর্শন করে উপজেলা প্রমোট মহিলা হোস্টেল এর রাস্তাটি সংস্কারের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। উপজেলা প্রমোট মহিলা হোস্টেল এর সংশ্লিষ্ট খাতের অর্থে উক্ত সংস্কার কাজ বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলা প্রমোট মহিলা হোস্টেল এর রাস্তাটি সংস্কারের জন্য প্রকল্প গ্রহণ করতে উপজেলা প্রকৌশলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া কে পত্র প্রেরণ করা হয়েছে। |
| উপজেলা সমাজ সেবা অফিস ও উপজেলা মহিলা বিষয়ক অফিসের আওতায় ভাতাভোগীদের মধ্যে কতজনের জন্য নিবন্ধন সম্পন্ন হয়েছে এবং কতজনের নিবন্ধন বাকী আছে তার বিস্তারিত তথ্য জরুরী ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলা সমাজ সেবা অফিস ও উপজেলা মহিলা বিষয়ক অফিসের আওতায় ভাতাভোগীদের মধ্যে কতজনের জন্য নিবন্ধন সম্পন্ন হয়েছে এবং কতজনের নিবন্ধন বাকী আছে তার বিস্তারিত তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পত্র প্রেরণ করা হয়েছে। |
| উল্লাপাড়া উপজেলা পরিষদে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ বিস্তারিত মতামতসহ প্রতিবেদন প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, উল্লাপাড়া | উল্লাপাড়া উপজেলা পরিষদে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ বিস্তারিত মতামতসহ প্রতিবেদন প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, উল্লাপাড়া | উল্লাপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| উল্লাপাড়া উপজেলা পুরাতন মুক্তিযোদ্ধা সংসদ কার্যালয়ে অবস্থানকারী অফিসের ভাড়া উপজেলা পরিষদের রাজস্ব আয় হিসেবে গ্রহণ করার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রশাসন, উল্লাপাড়া | পুরাতন মুক্তিযোদ্ধা সংসদ কার্যালয়ে অবস্থানকারী অফিসের ভাড়া উপজেলা পরিষদের রাজস্ব আয় হিসেবে গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | মে/২০২৩ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | মে/২০২৩ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি :** | | |
| | ১। ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি ও উপজেলা রাজস্ব উদ্বৃত্ত প্রকল্পের আওতায় সকল কাজ সম্পন্ন হয়েছে। | কাজের গুনগত মান নিশ্চিত করে চূড়ান্ত বিল ছাড়করণের জন্য নথি উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকৌশলী উল্লাপাড়া |
| | ২। স্থানীয় সরকার বিভাগের ৫-০৬-২০২৩ খ্রি. তারিখের ৫৩০ নম্বর স্মারক পত্রটি সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত স্মারক পত্রে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ বাস্তবায়নের জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের ডিও প্রদান করেন যা অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। দ্রুত | মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের ডিও লেটারের ভিত্তিতে দ্রুততম সময়ের মধ্যে বরাদ্দপ্রাপ্ত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | বাস্তবায়নের জন্য আরএফকিউ/পিআইসি এর মাধ্যমে উক্ত বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। টিওসি এবং টিইসি এর জন্য মনোনয়ন প্রয়োজন। | | |
| | ৩। সাবেক পৌর ভবনের দোতলা ভেঙ্গে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে এবং উপজেলা যুব উন্নয়ন অফিস পৌর ভবনের নীচতলায় স্থানান্তরের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে সাবেক পৌর ভবনের দোতলা দ্রুত ভেঙ্গে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় উপস্থিত সকলের সহমত পোষণ করেন। | ৩। বিস্তারিত আলোচনান্তে সাবেক পৌর ভবনের দোতলা দ্রুত ভেঙ্গে অপসারণ করাসহ দোতলায় অবস্থিত উপজেলা যুব উন্নয়ন অফিস নীচতলায় কক্ষে স্থানান্তরের জন্য নীচতলার কক্ষটি মেরামতের জন্য একটি পিআইস গঠনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৪। উপজেলাধীন সৈয়দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মান কাজে ত্রুটির বিষয়ে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। উক্ত তদন্ত প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪। বিস্তারিত আলোচনান্তে সৈয়দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মান কাজের ঠিকাদারকে দিয়ে উক্ত কাজ পুনরায় সঠিকভাবে করিয়ে নেওয়া এবং উপজেলা প্রকৌশল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের তাদের দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য সতর্ক করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>এসএসসি, দাখিল, দাখিল (ভোকঃ) ও সমমানের পরীক্ষা, উল্লাপাড়া উপজেলায় সুষ্ঠু, সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।<br><br>আগামী ২৬-০৬-২০২৩ খ্রি. তারিখ এইচ টি ইমাম গার্লর্স স্কুল এন্ড কলেজে জাতীয় শিক্ষা সপ্তাহ ও বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা, ২০২৩ উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠদের মধ্যে সনদ ও পুরস্কার বিতরণ করা হবে।<br><br>নতুন কারিকুলাম অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে মূল্যায়ন পরীক্ষা চলমান আছে।<br><br>পিবিজিএসআই এর আওতায় উপজেলার মোট ০৭টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫লক্ষ টাকা করে অনুদান পাওয়া গেছে। এবার পিবিজিএসআই এর আওতায় ১১টি শিক্ষা প্রতিষ্ঠান আবেদন করেছেন। | | |
| | গার্লর্স ফ্যাসিলিটিজ কক্ষ নির্মানের জন্য উল্লাপাড়া উপজেলায় মোট ৩১টি প্রতিষ্ঠান তালিকাভুক্ত হয়। তন্মোধ্যে উধুনিয়া মানিকজান উচ্চ বিদ্যালয় ব্যতীত সকল প্রতিষ্ঠানে গার্লর্স ফ্যাসিলিটিজ কক্ষ নির্মানের কাজ চলমান আছে। কোন কোন প্রতিষ্ঠানে ৮০% এবং কোন কোন প্রতিষ্ঠানে ৫০% কাজ সম্পন্ন হয়েছে। | কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে গার্লর্স ফ্যাসিলিটিজ কক্ষ নির্মানের কাজ চলমান আছে এবং কোন কোন প্রতিষ্ঠানে কত শতাংশ কাজ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৫ | **কৃষি ও সেচ বিষয়ক কমিটি :**<br><br>উফসী রোপা আমনের প্রণোদনা বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। বীজতলা রোপনের কার্যক্রম চলমান রয়েছে। | | |
| | ২০২২-২০২৩ অর্থ বছরে খরিফ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় জেলায় রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির জন্য সমবায় চাষাবাদের জন্য ০১(এক) টি ব্লক বরাদ্দ পাওয়া গেছে। ব্লকের আওতাভুক্ত প্রত্যেক কৃষক তার জমির পরিমানের ভিত্তিতে বিনামূল্যে বীজ ও সার সহায়তা পাবেন। ট্রেতে চারা উৎপাদন, রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে চারা রোপন কম্বাইন্ড হারভেস্টারের মাধ্যমে শস্য কর্তন, মাড়াইসহ সকল কার্যক্রম যান্ত্রিক পদ্ধতিতে সম্পন্ন করা হবে এতে ক) কৃষকদের মধ্যে সমবায়ী মনোভাব গড়ে উঠবে, খ) স্বল্প সময়ে রোপা আমন ফসল রোপন ও কর্তন করা হবে, গ) আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ করা কৃষি যন্ত্রপাতির ব্যবহার বৃদ্ধি করা ও শ্রমিক সাশ্রয় করে উৎপাদন | কেউ যাতে সারের পুনঃনির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্য গ্রহণ করতে না পারে সেবিষয়ে নজরদারি বৃদ্ধি করতে হবে। সমবায় ভিত্তিক চাষাবাদের বিষয়ে কৃষকদের মধ্যে বহুল প্রচার নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | খরচ কমবে, ঘ) কর্মসূচির আওতাভুক্ত ও পার্শ্ববর্তী কৃষকদের কৃষিযন্ত্রের ব্যবহার এবং সমবায় চাষাবাদে উদ্বুদ্ধ হবে। | | |
| ০৬ | **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>সভায় উপস্থিত উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া জানান, বেতুয়া ছয়বাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে ওয়াশব্লক নির্মানের জন্য বরাদ্দ পাওয়া গেছে। ওয়াশব্লকটি মূল ভবনের সাথে সংযুক্ত করে নির্মানের বাধ্যবাধকতা রয়েছে। উল্লেখ্য যে, উক্ত বিদ্যালয়ের মূল ভবনের সাথে সংযুক্ত করে ওয়াশব্লক নির্মান করার মত খালি জায়গা নেই। তবে পুরাতন আধাপাকা ভবনের পূর্বপাশের দুটি অব্যবহৃত কক্ষ ভেঙ্গে তদস্থলে ওয়াশব্লক নির্মাণ করা যেতে পারে।<br><br>২। দমদমা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২২-২০২৩ অর্থ বছরে ক্ষুদ্র মেরামত বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। নতুন ভবন নির্মানের জন্য প্রাপ্ত অর্থের সাথে অতিরিক্ত ১০০০০০/- (এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ বরাদ্দ দিলে জমি ক্রয় করা সম্ভব হবে।<br><br>৩। রাঘববাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন টিনের ঘর অপসারনের কাজ চলমান আছে। আগামী ০৭ দিনের মধ্যে উক্ত টিনের ঘরটি অপসারণ করা সম্ভব হবে। | সরেজমিনে তদন্ত পূর্বক বেতুয়া ছয়বাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পুরাতন আধাপাকা ভবনের পূর্বপাশের দুটি অব্যবহৃত কক্ষ ভেঙ্গে তদস্থলে ওয়াশব্লক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ০৭ | **মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি :**<br><br>**প্রাণি সম্পদ বিভাগ :**<br><br>উপজেলা প্রাণি সম্পদ দপ্তর কর্তৃক চলতি মাসে গবাদি পশুর চিকিৎসা প্রদান ৮৩৬৬ টি, গবাদি পশুর টিকা প্রদান ১০৩০০ টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান ১৮৪৯৬ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ১০২০০০, কৃত্রিম প্রজনন ২৭০২ টি, টিকা বিক্রি বাবদ টাকা ২৫৯৯৫/- টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ টাকা ৮১০৬০/- টাকা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>পবিত্র কোরবানীর ঈদ উপলক্ষে উল্লাপাড়া উপজেলায় প্রায় ৫০৩৮০ টি কোরবানীযোগ্য গবাদিপশু প্রস্তুত করা হয়েছে যার বিক্রয় মুল্য প্রায় ৩৯৯ কোটি টাকা। যা উল্লাপাড়া উপজেলার চাহিদা পূরণ করে বিভিন্ন জেলা/উপজেলায় রপ্তানি করা যাবে।<br>কোরবানীর পশু যাতে ক্ষুরারোগে আক্রান্ত না হয় সেলক্ষ্যে গত দুইমাসে প্রায় ৯০ হাজার গবাদি পশুর ক্ষুরারোগের টিকা প্রদান সম্পন্ন হয়েছে। বর্তমানে ক্ষুরারোগ নিয়ন্ত্রনে আছে।<br>কোরবানীর পশুর হাটগুলোতে গবাদি পশুর চিকিৎসা সেবা প্রদানের জন্য ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে। ভেটেরিনারি মেডিকেল টিম উপজেলার প্রতিটি পশুরহাটে অবস্থান করে ক্রেতা-বিক্রেতার চাহিদা মোতাবেক বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করবেন। | গবাদি প্রাণির শতভাগ ভ্যাকসিন নিশ্চিত করতে হবে। এছাড়া গবাদি প্রাণি মোটা তাজাকরণের ক্ষেত্রে অসাধু/অসৎ উপায় অবলম্বন না করার জন্য খামারীদের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে।<br>উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের মাধ্যমে গবাদি প্রাণি বিতরণের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| | **মৎস্য বিভাগ :**<br>মৎস্য সম্পদ রক্ষায় চায়না দুয়ারী জাল/ কারেন্ট জালসহ অবৈধ জাল ক্রয় বিক্রয় ও ব্যবহার বন্ধে মাইকিং করা হচ্ছে। অভয়াশ্রমগুলোতে প্রয়োজনীয় পাহারাদার নিয়োগ করা হয়েছে। আগামী জুলাই, ২০২৩ মাস হতে অবৈধ জালের বিরুদ্ধে ইউনিয়ন ভিত্তিক অভিযান পরিচালনা করা হবে। | চায়না দুয়ারী জাল ক্রয় বিক্রয় ও মজুদকারীদের বিষয়ে গোপনে তথ্য সংগ্রহ করতে হবে এবং অভিযান জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৮ | **যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি :**<br><br>সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান প্রতিবেদনাধীন মাসে যুব ঋণ বিতরণ ৮,০০,০০০/- টাকা চলতি অর্থ বছরে যুব ঋণ বিতরণ ৩৭,৭০,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত যুব ঋণ বিতরণ ৫,০৪,২০,০০০/- টাকা। প্রতিবেদনাধীন মাসে আদায়যোগ্য ঋণের পরিমান ২,০৮,৩৭০/- টাকা যুব প্রশিক্ষণ পুরুষ ৩৪১৯, মহিলা | ঋণ বিতরণ, ঋণ আদায় এবং প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রেখে কাজ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | ২২০৯, আত্মকর্মী পুরুষ ২৮০৬, মহিলা ৯০৫। প্রতিমাসে ০৩টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হবে এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনকারীদের প্রতি প্রকল্পের অনুকূলে ৫% সার্ভিস চার্জে ২০০০০০/- টাকা করে যুব ঋণ প্রদান করা হবে। বায়োগ্যাস প্রকল্পের আওতায় ২০জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় ৫০জন যুব ও যুব মহিলাকে ৮,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের জন্য ভুর্তি বিজ্ঞপ্তি অনলাইনে আপলোড করা হয়েছে। | | |
| ০৯ | **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি :**<br><br>**পল্লী উন্নয়ন বিভাগ :**<br><br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসের আওতায় প্রতিবেদনাধীন মাসে খাস আদায় ২৫,৪০,০০০/- টাকা। চলতি বছরে ২৬৬৮৬০০/- টাকা। ঋণ বিতরণ মাসে ২৬৮০০০০/- টাকা এবং চলতি বছরে ঋণ বিতরণ ২৬৩০০০০০/- টাকা। প্রশিক্ষণের সংখ্যা বছরে ০৬টি। পিআরডিবি ৩ প্রকল্পের আওতায় মোট ১৬টি স্কীম বাস্তবায়ন করা হয়েছে। | ঋণ বিতরণে আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের অগ্রাধিকার দিতে হবে। সেই সাথে ঋণ বিতরণ, ঋণ আদায় কাজে স্বচ্ছতা বজায় রেখে কাজ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | **সমবায় বিভাগ :**<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া জানান আশ্রয়ন প্রকল্পের উপকারভোগীদের নিয়ে সমিতি গঠনসহ প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত আছে। দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতির অডিট সম্পন্ন করার পূর্বে মোহনপুর দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র (মিল্কভিটা ) এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সমন্বয় এবং পরামর্শ গ্রহণ করা হবে। উপজেলা সমবায় দপ্তরের অডিট ফি এবং সিডিএফ আদায় সরকারি রাজস্ব আদায় শতভাগ সম্পন্ন হয়েছে। | আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে অদ্যাবধি কতটি সমিতি গঠন করা হয়েছে তার সুস্পষ্ট তথ্য আগামী সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে। দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতির অডিট সম্পন্ন করার পূর্বে মোহনপুর দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র (মিল্কভিটা ) এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সমন্বয় এবং পরামর্শ গ্রহণ নিশ্চিত করতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং বিষয়ক কমিটি ঃ**<br><br>১। অত্র উপজেলায় চলতি বোরো সংগ্রহ ২০২৩ মৌসুমে খাদ্য অধিদপ্তর, ঢাকা এর ০৩-০৫-২০২৩ খ্রি. তারিখের ৯৬ ও ১০০ নম্বর স্মারকে ৩১০২ মেঃ টন চালের বরাদ্দ পাওয়া গেছে। তন্মোধ্যে ২১৫০ মেঃ টন চাল সংগ্রহ হয়েছে। অবশিষ্ট ৯৫২ মেঃ টন চাল সংগ্রহের অপেক্ষায় আছে।<br><br>২। অত্র উপজেলায় চলতি বোরো সংগ্রহ ২০২৩ মৌসুমে খাদ্য অধিদপ্তর, ঢাকা এর ০৩-০৫-২০২৩ খ্রি. তারিখের ৯৬ নম্বর স্মারকে ২৩৮৪ মেঃ টন ধান ক্রয়ের বরাদ্দ পাওয়া গেছে। তন্মোধ্যে অদ্যাবধি ২৪৯ মেঃ টন ধান সংগ্রহ হয়েছে। অবশিষ্ট ২১৩৫ মেঃ টন ধান সংগ্রহের অপেক্ষায় আছে।<br><br>৩। জুন, ২০২৩ মাসে ভিজিডি খাতে ৭৭.৯৪০ মেঃ টন চাল এর বিলি আদেশ জারী করা হয়েছে।<br><br>৪। জুন, ২০২৩ মাসে ভিজিএফ খাতে ৩৮৪.৭৬০ মেঃ টন চাল এর বিলি আদেশ জারী করা হয়েছে।<br><br>৫। জুন, ২০২৩ মাসে কাবিখা খাতে ৫৫.০০ মেঃ টন চাল এর বিলি আদেশ জারী করা হয়েছে।<br><br>৬। জুন, ২০২৩ মাসে জিআর খাতে ৯৩.৫০০ মেঃ টন চাল এর বিলি আদেশ জারী করা হয়েছে। | প্রকৃত কৃষকদের নিকট হতে এবং বৈধ লাইসেন্সধারী মিলারের নিকট হতে ধান ও চাল সংগ্রহ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিবেদনাধীন মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণ ১২ জন, আইইউডি ১১৫ জন, ইমপ্লান্ট ২৯ জন, ইনজেকশন ৫৮৩ জন, পুরুষ বন্ধ্যাকরণ ০১ জন। বর্তমানে উপজেলার ১৪টি ইউনিয়নের মোট ১১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং একটি মা ও শিশু কল্যাণ কেন্দ্র, একটি এমসিএইচ ইউনিট চলমান ও সেবাদানের আওতায় আছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে রাস্তার সংকট রয়েছে এবং সীমানা প্রাচীর না থাকায় অবৈধ দখল বাড়ছে এবং সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা বিঘ্নিত হচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের সংযোগ রাস্তা নির্মানের জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে রাস্তার সংকট রয়েছে তার বিস্তারিত তথ্য উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া জানান মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগীদের ০৬(ছয়) মাসের ৪৮০০/- টাকা করে প্রদান করা হয়েছে। কেউ কেউ টাকা পাননি মর্মে জানিয়েছেন। যারা টাকা পাননি তাদের নাম, ঠিকানা ও ফোন নম্বর উপজেলা মহিলা বিষয়ক অফিসে জমা দেওয়ার জন্য বলা হয়েছে।<br><br>২। ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় জুন, ২০২৩ মাসের খাদ্যের ডিও দেয়া হয়েছে। নির্দিষ্ট সময় ও তারিখের মধ্যে বিতরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের সকল উপকারভোগীদের মধ্যে কতজনের জন্য নিবন্ধন সম্পন্ন হয়েছে এবং কতজনের জন্য নিবন্ধন হয়নি তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৬ | **আইসিটি অধিদপ্তর, উল্লাপাড়া**<br><br>শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় ২৬টি ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের ১০৪ জন শিক্ষকের ১০দিন ব্যাপী আইসিটি লিটারেসি ট্র্যাবলসুটিং ও মেইনটেন্সে বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ব্যাচের প্রশিক্ষণ আগামী জুলাই, ২০২৩ মাসে অনুষ্ঠিত হবে।<br><br>২। সকল দপ্তরের ও ইউনিয়ন পরিষদ সমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ করা প্রয়োজন। এছাড়া ইনথি/ডিনথিতে সংযুক্ত দপ্তরসমূহকে উক্ত সিস্টেমে কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান।<br><br>৩। সরকারিকরনকৃত উল্লাপাড়া মার্চেন্টস পাইলট উচ্চ বিদ্যালয়ের তথ্য জাতীয় তথ্য বাতায়নে সংযুক্তকরণের জন্য এটুআই বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | উপজেলার কতটি দপ্তরের/ইউনিয়নের ওয়েব পোর্টাল কোন কোন লিংক হালনাগাদ নাই তার বিস্তারিত তথ্য ছক আকারে সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে/ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করতে পত্র প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ, উল্লাপাড়া<br><br>সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া |
| ১৭ | **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন গাছ লাগিয়ে যত্ন করি সুস্থ প্রজন্মের দেশ গড়ি এই প্রতিপাদ্যকে সামনে রেখে গত ২০ জুন, ২০২৩ তারিখ আনসার ও ভিডিপির ০২টি ক্লাব সমিতিতে চারা বিতরণ করা হয়েছে। | বাল্য বিবাহ, মাদক, জুয়া প্রতিরোধে উপজেলা আনসার ও ভিডিপি সদস্যদের তৎপরতা পরিলক্ষিত হচ্ছে না। বাল্য বিবাহ, মাদক, জুয়া প্রতিরোধে প্রয়োজনীয় তথ্য দিতে আনসার ও ভিডিপি সদস্যদের নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মিত হচ্ছে। ভবনের সীমানা প্রাচীর একটু সরিয়ে নির্মাণ করা হলে সাধারন মানুষের চলাচলের রাস্তা পাওয়া যাবে। বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ জানান। | বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি সরেজমিনে তদন্ত করে সীমানা প্রাচীরটি কিছুটা স্থানান্তর করে নির্মাণ করা যায় কিনা সে বিষয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদান করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৯ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br><br>তিনি বলেন নতুন নির্মিত মোহনপুর-উধুনিয়া রাস্তাটি বৃষ্টির কারনে ক্ষতিগ্রস্থ হচ্ছে। ছোট ছোট গর্ত সৃষ্টি হয়েছে। জরুরী ভিত্তিতে উক্ত ছোট ছোট গর্ত ভরাট করা হলে বড় ধরনের ভাঙ্গন প্রতিরোধ করা সম্ভব হবে। | আকস্মিক বিবেচনায় ইউনিয়ন পরিষদের নিজ ব্যবস্থাপনায় মোহনপুর - উধুনিয়া রাস্তার স্ব স্ব অংশের মেরামত কাজ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | এ বিষয়ে সড়ক ও জনপথ বিভাগের সংশ্লিষ্ট কর্তপক্ষের সাথে প্রয়োজনীয় পত্র যোগাযোগের অনুরোধ জানান। | এছাড়া উক্ত রাস্তাটি স্থায়ী মেরামতের জন্য সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রশাসন, উল্লাপাড়া |
| ২০ | **চেয়ারম্যান, মোহনপুর ইউপি**<br>তিনি বলেন মোহনপুর রেল গেটের কাছে ১০/১৫ ফিট রাস্তা ক্ষতিগ্রস্থ হয়েছে। জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। মিল্কভিটাকে সক্রিয় করার অনুরোধ জানান। মোহনপুর, উধুনিয়া, বাঙ্গালা ইউনিয়নে কিছু কিছু প্রতিষ্ঠান রয়েছে যারা দুধে ক্ষতিকর রাসায়নিক দ্রব্য ব্যবহার করছে। ফলে খাদ্যে ভেজাল বাড়ছে এবং মিল্কভিটা ক্ষতিগ্রস্থ হচ্ছে। | এডিপি'র হ্রাসকৃত অর্থ দ্বারা জরুরী ভিত্তিতে মোহনপুর রেল গেটের নিকট রাস্তার ক্ষতিগ্রস্থ অংশ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২১ | **চেয়ারম্যান, দুর্গানগর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নের বালশাবাড়ী বাজার হতে মনোহারা বাজার পর্যন্ত রাস্তায় একটি স্থানে গর্তের সৃষ্টি হয়েছে। জরুরী ভিত্তিতে উক্ত গর্তকৃত স্থান মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | সরেজমিনে তদন্ত পূর্বক বালশাবাড়ী বাজার হতে মনোহারা বাজার পর্যন্ত রাস্তায় ক্ষতিগ্রস্থ স্থান পরিদর্শন করে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২২ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>উপজেলা মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে জনপ্রতিনিধি ও বিভাগীয় প্রধানগণকে পারস্পারিক সমন্বয়ের ভিত্তিতে কাজ করার অনুরোধ জানান। সেই সাথে স্থায়ী কমিটির সভা নিয়মিত আয়োজন নিশ্চিত করার জন্যও অনুরোধ জানান। | স্থায়ী কমিটির সভায় নিয়মিত আয়োজন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ, উল্লাপাড়া |
| ২৩ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>উপজেলা পরিষদের অভ্যন্তরে ঝুকিপূর্ণ গাছগুলো দ্রুত অপসারনের সিদ্ধান্ত গৃহীত হলেও দীর্ঘদিন উক্ত সিদ্ধান্ত বাস্তবায়িত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। মাসিক সভায় বিভাগীয় কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ জানান। বিশেষকরে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়াকে মাসিক সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। | উপজেলা পরিষদের মাসেক সভায় বিভাগীয় কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | বিভাগীয় কর্মকর্তাগণ (সকল), উল্লাপাড়া |
| ২৪ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান। | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন। | বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া |
| | ২। জন্ম নিবন্ধন কার্যক্রম জোরদার করতে সংশ্লিষ্টদের অনুরোধ জানান। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া কে তাদের স্ব স্ব দপ্তরের সুবিধাভোগীদের শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে পুনরায় অনুরোধ জানান। | ২। উপজেলা সমাজ সেবা অফিস ও উপজেলা মহিলা বিষয়ক অফিসের সুবিধাভোগীদের মধ্যে কতজনের জন্ম নিবন্ধন সম্পন্ন হয়েছে এবং কতজনের জন্ম নিবন্ধন সম্পন্ন হয়নি তার বিস্তারিত তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, |
| | ৩। সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, উপজেলা পরিষদের বিভিন্ন অফিসে তাদের দাপ্তরিক অব্যবহৃত কাগজ, পলিথিন ও অন্যান্য উপকরণ পুকুরে যত্রতত্র ফেলে পুকুরের পরিবেশ বিনষ্ট করছেন। বিষয়টি অত্যন্ত দুঃখজনক। উপজেলা পরিষদ পুকুরের পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখা উপজেলা পরিষদের সকল বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব। উক্ত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য সকলকে অনুরোধ জানান। | ৩। উপজেলা পরিষদের পুকুরসহ উপজেলা পরিষদ চত্তরের সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে উপজেলায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্বশীল হতে হবে। | সকল কর্মকর্তা/ কর্মচারী, উল্লাপাড়া |
| | ৪। উপজেলা পরিষদের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের স্বার্থে এবং মাসিক সভাকে আরও বেশি কার্যকর করতে উপজেলা পরিষদের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পত্র মারফত অবহিত করা হবে। সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাকে গ্রহণ করতে হবে এবং তা বার্ষিক কর্ম পরিকল্পনাভুক্ত হবে। সকল বিভাগীয় প্রধানগণকে তাদের স্ব স্ব দপ্তরের কার্যপত্র পরবর্তী মাসের মাসিক সভার পূর্বেই উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | ৪। সকল বিভাগীয় প্রধানগণকে তাদের স্ব স্ব দপ্তরের কার্যপত্র পরবর্তী মাসের মাসিক সভার পূর্বেই উপজেলা পরিষদকে অবহিতকরণ নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো | বিভাগীয় কর্মকর্তাগণ (সকল), উল্লাপাড়া |
| | ৫। উল্লাপাড়া উপজেলা স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% শিরোনামে | ৫। বিস্তারিত আলোচনান্তে উল্লাপাড়া উপজেলা | হিসাব |

সোনালী ব্যাংক, উল্লাপাড়া শাখায় পরিচালিত হিসাব নম্বর ৪২১৮৪০২০০১৫৭০ এর ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী ০১ এপ্রিল হতে ২৬ জুন, ২০২৩ পর্যন্ত জমাকৃত অর্থ হতে হিসাব পরিচালনার নিমিত্ত নুন্যতম অর্থ রেখে বাকী অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হিসাব নম্বর ০০১০৩৩৫৬৯ এ স্থানান্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% শিরোনামে সোনালী ব্যাংক, উল্লাপাড়া শাখায় পরিচালিত হিসাব নম্বর ৪২১৮৪০২০০১৫৭০ এর ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী ০১ এপ্রিল হতে ২৬ জুন, ২০২৩ পর্যন্ত জমাকৃত অর্থ হতে হিসাব পরিচালনার নিমিত্ত নুন্যতম অর্থ রেখে বাকী অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হিসাব নম্বর ০০১০৩৩৫৬৯ এ স্থানান্তরের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

সহকারী, ইউএনও অফিস, উল্লাপাড়া

৬। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উপজেলায় কর্মরত বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ পরিবার নিয়ে সার্বক্ষণিক উপজেলায় অবস্থান করে দায়িত্ব পালন করছেন। ফলে দাপ্তরিক কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে এবং সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে। বিশেষ করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া এ উপজেলায় সার্বক্ষণিক অবস্থান না করার কারনে নানাবিধ অসুবিধার সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে করণীয় নির্ধারণে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৬। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে কর্মরত সকল বিভাগীয় প্রধানগণকে পরিবারসহ উপজেলায় সার্বক্ষণিক অবস্থান করে দায়িত্ব পালন নিশ্চিতকরাসহ উপজেলা মাসিক সভা, আইন-শৃঙ্খলা সভাসহ অন্যান্য সভায় উপস্থিতি নিশ্চিত করতে পুনরায় অনুরোধ জানানো হলো। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়াকে উপজেলায় পরিবারসহ সার্বক্ষণিকভাবে অবস্থান করে দায়িত্ব পালনের জন্য প্রাথমিকভাবে অনুরোধ করা হলো।

বিভাগীয় প্রধানগণ (সকল), উল্লাপাড়া
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া

৭। গত ১৬-০৫-২০২৩ খ্রি. তারিখ জেলা প্রশাসক, সিরাজগঞ্জ জনাব মীর মোহাম্মদ মাহবুবুর রহমান উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে বাসাভাড়া আদায় সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ না করে বাসাভাড়া আদায়ের বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং আগামীতে বাসাভাড়া আদায় সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক বাসাভাড়া আদায়ের জন্য নির্দেশনা প্রদান করেন। এ বিষযে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৭। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে বাসাভাড়া আদায় সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক বাসাভাড়া আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বাসা বরাদ্দ কমিটির সভাপতি ও সদস্য সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া
উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া

৮। ইউনিয়ন ভিত্তিক জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্যচিত্র:

| ইউনিয়ন | জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ্য | | | মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রমাপ | ০-৪৫ | শতকরা | প্রমাপ | ০-৪৫ | শতকরা |
| বাঙ্গালা | ৫৩ | ৪৮ | ৯০.০০ | ১৪ | ১৮ | ১২৪.০ |
| বড় পা: | ৫০ | ৪১ | ৮১.৮ | ১৪ | ০৬ | ৪৪.০০ |
| বড়হর | ৬৮ | ৫১ | ৭৪.৬ | ১৯ | ১৯ | ১০২.০ |
| দূর্গানগর | ১০৪ | ১০১ | ৯৭.৪ | ২৮ | ৩২ | ১১৪.০ |
| হাটিকুম: | ৮৫ | ৭৫ | ৮৮.৫ | ২৩ | ১৬ | ৬৯.০ |
| কয়ড়া | ৩২ | ২৯ | ৮৯.৫ | ৯ | ১২ | ১১০.০ |
| মোহনপুর | ৬৭ | ৭০ | ১০৪.৭ | ১৮ | ২০ | ১১০.০ |
| পঞ্চক্রোশী | ৭৫ | ৬৮ | ৯০.৮ | ২০ | ১৫ | ৭৪.০ |
| পুনির্মাগাতী | ৮৪ | ৭৬ | ৯০.৩ | ২৩ | ১০ | ৪৪.০ |
| রামকৃষ্ণপুর | ৫৪ | ৫৪ | ১০০.৫ | ১৫ | ০৮ | ৫৫.০ |
| সলঙ্গা | ৬৮ | ৬৯ | ১০১.০ | ১৯ | ১৮ | ৯৭.০ |
| সলপ | ৫৪ | ৫০ | ৯২.৬ | ১৫ | ১৬ | ১০৯.০ |
| উধুনিয়া | ৫১ | ৩০ | ৫৯.৩ | ১৪ | ১৪ | ১০২.০ |
| সদর | ৪১ | ৪৩ | ১০৩.৭ | ১১ | ১১ | ৯৮.০ |

৮। প্রতিবেদন দৃষ্টে দেখা যায় বড়হর, উধুনিয়া, বড়পাঙ্গাসী, হাটিকুমরুল, কয়ড়া, পঞ্চক্রোশী, পুর্নিমাগাতী, বাঙ্গালা ইউপি তাদের প্রমাপ অর্জন করতে পারেনি। উপজেলার প্রতিটি ইউনিয়নে জন্ম ও মৃত্যু নিবন্ধনের প্রমাপ অর্জনে সচেষ্ট থাকতে ইউপি সচিবদের নির্দেশনা প্রদান করা হয়।

ইউপি সচিব ও হিসাব সহকারী, ইউনিয়ন পরিষদ, সকল, উল্লাপাড়া

২৫ **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**

মৎস্য সম্পদ রক্ষায় চায়না দুয়ারী জাল/কারেন্ট জাল ক্রয় বিক্রয় ও ব্যবহার বন্ধে অভিযান জোরদার করতে হবে।

চায়না দুয়ারী জাল/কারেন্ট জাল ক্রয়-বিক্রয় ও ব্যবহার বন্ধে অভিযান জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হলো।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

২। চলতি বর্ষা মৌসুমে উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে চারা রোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান।

চলতি বর্ষা মৌসুমে উপজেলা সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে চারা রোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া

| | | | |
|---|---|---|---|
| | ৩। বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, পাবনা এর ৩০-১১-২০২২ খ্রি. তারিখের ১২৭২ নম্বর স্মারক পত্রটি সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত স্মারক পত্রে উল্লাপাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ১৬টি ইউক্যালিপ্টাস গাছের মূল্য নির্ধারণপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া বরাবর প্রেরণ করা হয়েছে। ১৬টি ইউক্যালিপ্টাস গাছের মূল্য বাবদ ২,২৭,৩৭৬/- (দুই লক্ষ সাতাইশ হাজার তিনশত ছিয়াত্তর) টাকা নির্ধারণ করা হয়েছে। উক্ত মূল্য নির্ধারণ অদ্যকার সভায় অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় | ৩। বিস্তারিত আলোচনান্তে উল্লাপাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ১৬টি ইউক্যালিপ্টাস গাছ কর্তনের জন্য সামাজিক বন বিভাগ, পাবনা কর্তৃক নির্ধারিত মূল্য অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। দ্রুত মূল্য নির্ধারণকৃত গাছ দ্রুত কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| | দ্রুততম সময়ে মধ্যে উক্ত মূল্য নির্ধারণকৃত গাছগুলো কর্তন করা প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মূল্য নির্ধারণকৃত গাছগুলোর মধ্যে কিছু কিছু গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে যে কোন সময়ে ভেঙ্গে পড়তে পারে এতে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনসমূহের ক্ষতিসাধিত হওয়াসহ পরিষদের অভ্যন্তরে চলাচলের রাস্তা বন্ধ হয়ে যেতে পারে। উল্লেখ্য যে, স্থানীয় সরকার বিভাগের ১৫-০৮-২০০৭ খ্রি. তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ মোতাবেক জারীকৃত পরিপত্রের আলোকে গত ১৫-০৬-২০২৩ খ্রি. তারিখ উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত মরা, ঝড়ে পড়া এবং বিনষ্টযোগ্য গাছা বিক্রয় সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গাছ কর্তনের বিষয়ে গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (আগষ্ট, ২০২২), মূল্য নির্ধারণ অনুমোদিত সভার কার্যবিররণীসহ (জুন, ২০২৩) চুড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে মূল্য নির্ধারণকৃত ১৬টি ইউক্যালিপ্টাস গাছ জরুরী ভিত্তিতে কর্তনের জন্য উপজেলা পরিষদের আগষ্ট, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী, মূল্য নির্ধারণ সংক্রান্ত পত্র, নির্ধারিত মূল্য অনুমোদন সংক্রান্ত উপজেলা পরিষদের জুন, ২০২৩ মাসের কার্যবিবরণীসহ চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয় বরাবর প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

নম্বর ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২৩- তারিখ : ২১-০৬-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, ----------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

( মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ